গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
Web: www.ntcc.gov.bd

স্মারক নং : স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/টাস্কফোর্স/২০২২/০২/ ২০৩

তারিখ: ২৩ ভাদ্র, ১৪৩২
০৭ সেপ্টেম্বর, ২০২৫

**প্রজ্ঞাপন**

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮ মার্চ, ২০২২ তারিখের স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/টাস্কফোর্স/২০২২/০২/১৩৪৯ নং স্মারকে জারিকৃত ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটি পুনর্গঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটি কমিটি'র কার্যপরিধি সংশোধনপূর্বক এতদ্বারা প্রতিস্থাপন করা হলো:

**"উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি"**

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি | সদস্য |
| ০৩. | মেয়র – পৌরসভা'র প্রতিনিধি | সদস্য |
| ০৪. | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৫. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৬. | অফিসার ইনচার্জ (থানা) | সদস্য |
| ০৭. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৫. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| ১৬. | উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর | সদস্য |
| ১৭. | বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি | সদস্য |
| ১৮. | তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠনের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য সচিব |

**উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির কার্যক্রম:**

০১. উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (সংশোধিত ২০১৩) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

০২. টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠান ধূমপানমুক্ত করার ব্যবস্থা করা। এ লক্ষ্যে টাস্কফোর্স কমিটির সদস্য ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশ/বহির্গমন পথ ও অন্যান্য দৃশ্যমান স্থানে নো-স্মোকিং সাইনেজ স্থাপন করা;

০৩. স্থানীয় পর্যায়ে জনসাধারণকে তামাক নিয়ন্ত্রণ আইন পালনে উদ্বুদ্ধকরণ ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা;

০৪. উপজেলা পর্যায়ে টাস্কফোর্স কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন মনিটরিং করা এবং টাস্কফোর্সের সভাপতি ও সদস্য সচিব এর নিকট প্রতিবেদন প্রেরণ;

০৫. টাস্কফোর্স কমিটির সভায় মনিটরিং প্রতিবেদন উপস্থাপন এবং অগ্রগতি আলোচনাকরণ। বিশেষ করে, মোবাইল কোর্টের কার্যকারিতা বৃদ্ধিকল্পে উপযুক্ত কর্মপন্থা নিয়ে আলোচনা করা;

০৬. তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে তামাকমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন এবং প্রতি মাসে এ সংক্রান্ত প্রতিবেদন জেলায় প্রেরণ নিশ্চিত করা;

০৭. প্রতি ৩ মাসে উপজেলা টাস্কফোর্স কমিটির ১টি সভা আয়োজন নিশ্চিত করা। উক্ত সভায় আবশ্যিকভাবে আইন বাস্তবায়ন সংশ্লিষ্ট সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করা। এ ছাড়া সভার পূর্বের ৩ মাসের উদ্যোগ ও পরবর্তী ৩ মাসের পরিকল্পনা নিয়ে আলোচনা করা;

০৮. (ক) 'সহকারী কমিশনার (ভূমি)' উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তামাক নিয়ন্ত্রণ বিষয়ক ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের পক্ষে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের সঙ্গে সমন্বয়সহ টাস্কফোর্স কমিটির সভা আয়োজনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

(খ) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল থেকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নে প্রতি অর্থবছর উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরিত আর্থিক বরাদ্দ ও ব্যয়ের নথিপত্র উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় কর্তৃক সংরক্ষণ করতে হবে;

(গ) বরাদ্দ প্রাপ্তির বিস্তারিত তথ্য টাস্কফোর্সের প্রথম সভায় অবহিত করতে হবে। এ ছাড়া, অর্থ ব্যয়ের হিসাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

০৯. (ক) উপজেলা টাস্কফোর্স কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা'র তত্ত্বাবধানে উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি নামে একটি পৃথক ফাইল সংরক্ষিত থাকবে। উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর ফোকাল পার্সন হিসেবে ফাইল সংরক্ষণ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন। তিনি সভার কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন জেলায় প্রেরণ নিশ্চিত করবেন। ফোকাল পার্সনের নাম/পদবি, মোবাইল ফোন নাম্বার ও ইমেইল আইডি জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

(খ) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল থেকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নে প্রতি অর্থবছর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরাবর প্রেরিত আর্থিক বরাদ্দ ও ব্যয়ের নথিপত্র উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়ের ফোকাল পার্সন কর্তৃক সংরক্ষণ করতে হবে;

(গ) বরাদ্দ প্রাপ্তির বিস্তারিত তথ্য টাস্কফোর্সের প্রথম সভায় অবহিত করতে হবে। এ ছাড়া, অর্থ ব্যয়ের হিসাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

১০. প্রতি ০৩ মাস পর পর নির্ধারিত ফরমেট অনুসারে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন জেলায় প্রেরণ করা;

১১. জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল কর্তৃক অর্পিত ও সরকারের তামাক নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালন;

১২. এই কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৭.১০.২০২৫

(মোঃ আখতারউজ-জামান)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ২২৩৩৫৫১৩৫
E-mail: dgntcc@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
১৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. ইনস্পেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি), পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা।
২০. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২১. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।
২২. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঢাকা।
২৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
২৪. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৫. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২৬. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
২৭. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
২৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
২৯. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
৩০. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৩১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর।
৩২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৩৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।
৩৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর।
৩৬. যুগ্মসচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইন্সটিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৩৮. পরিচালক, জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৩৯. রেজিষ্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ঢাকা।
৪০. জেলা প্রশাসক (সকল)।
৪১. সিভিল সার্জন (সকল)।
৪২. সিনিয়র সহকারী সচিব (বিশ্বস্বাস্থ্য ২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।
৪৬. WHO Representative to Bangladesh, House No. SW(I) 1/A, Road # 8, Gulshan-1, Dhaka-1212, Bangladesh
৪৭. সভাপতি/ সেক্রেটারী, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৪৮. সভাপতি / মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন, ঢাকা।
৪৯. সভাপতি/ সেক্রেটারী, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।
৫০. সমন্বয়কারী, বাংলাদেশ তামাক বিরোধী জোট, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

০২. বিভাগীয় কমিশনার (সকল)।

০৩. অতিরিক্ত মহাপরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

০৪. পরিচালক (সকল)/ বিভাগীয় পরিচালক- স্বাস্থ্য (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

০৫. উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

০৬. লাইন ডাইরেক্টর (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

০৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০৮. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।